# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৫৫

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২) মুআয্যিনের জবাব দেয়ার প্রতি উদ্বুদ্ধকরণ, কি বলে আযানের জবাব দিবে ও আযানের পর কি দু'আ পাঠ করবে তার বিবরণ

الترغيب في إجابة المؤذن وبماذا يجيبه وما يقول بعد الأذان

আরবী

(صحيح) وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ ، يَقُولُ: كُنَّا مَعَ رَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِتَلْعَاتِ الْيَمَنِ، فَقَامَ بِلَالٌ يُنَادِي، فَلَمَّا سَكَتَ، قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : " مَنْ قَالَ مِثْلَ مَا قَالَ هَذَا يَقِينًا، دَخَلَ الْجَنَّةَ. رواه النسائي وابن حبان في صحيحه والحاكم وقال صحيح الإسناد

বাংলা

২৫৫. (সহীহ্) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ

আমরা একদা রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর সাথে ছিলাম, একসময় বেলাল দাঁড়িয়ে গিয়ে আযান দিতে লাগলেন। আযান শেষ হলে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ ”যে এ ব্যক্তির অনুরূপ কথা (আযান) দৃঢ় বিশ্বাসের সাথে বলবে, (অর্থাৎ আযানের জবাব দিবে) সে জান্নাতে প্রবেশ করবে।”

(হাদীছটি বর্ণনা করেছেন নাসাঈ ২/২৪ ও ইবনু হিব্বান ১৬৬৫ তাঁর [সহীহ্] গ্রন্থে এবং হাকেম ১/২০৪। তিনি বলেনঃ হাদীছটির সনদ সহীহ্)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88015

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন